# LAUNCHING PROGRAMME

30 JANUARY 2022

# SECURING GREEN TRANSITION OF THE TEXTILE AND READYMADE GARMENTS SECTOR IN BANGLADESH

ORGANISED BY

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

IN COLLABORATION WITH

Sweden Sverige

The textile and readymade garments (RMG) sector employs around 4.5 million people and earns about USD 35.8 billion as foreign exchange (2021). The sector contributes about 84.4 per cent of Bangladesh's total exports. As the economy is getting more integrated with the global market, it is also bringing challenges with it which include the need to adhere to international labour laws and ensuring safety standards in working conditions, particularly in manufacturing. Requirements for being environmentally compliant are also becoming prominent. Environmental compliance requires the sector to abate pollution and achieve resource efficiency.

Following Bangladesh's graduation from the least developed country (LDC) category in 2026, Bangladesh will have to comply with stringent compliance requirement in many areas including the environment not only to access global markets but also to remain competitive. The Government of Bangladesh (GoB) and the textile and RMG sector need to have a clear strategy for accomplishing environmental and sustainability commitments in areas such as clean energy, waste management, robust climate actions vis-à-vis the emerging EU Green Deal, and Circular Economy frameworks.

The textile and RMG industry, being one of the most resource-intensive sectors, has high potential to contribute towards achieving Bangladesh's climate goals. This will also help the sector to achieve environmentally friendly and sustainable sector and comply with the growing demand of buyers and brands to be clean and green.

In the above context, the Centre for Policy Dialogue (CPD) has undertaken a programme titled "Securing Green Transition of the Textile and Readymade Garments Sector in Bangladesh" in collaboration with the Embassy of Sweden in Bangladesh. The objective of the programme is to contribute towards enhancement of environmentally sustainable and climate-neutral growth in Bangladesh with productive employment opportunities for women and youth.

The programme will explore barriers to green transformation, review existing fiscal measures, identify best practices suitable for green transformation, and build up evidence on how green transition in this industry will generate new opportunities to benefit firms, workers, economy and society. CPD will undertake knowledge gap analysis, data generation and research, consultation, dialogue, and dissemination activities as part of this programme.

cpd.org.bd  cpd.org.bd  cpdbd  CPDBangladesh

House 40/C, Road 11 (new), Dhanmondi, Dhaka-1209, Bangladesh
Telephone: (+88 02) 48118090, 55001185, Fax: (+88 02) 55001181, E-mail: info@cpd.org.bd

# প্রারম্ভিক অনুষ্ঠান

৩০ জানুয়ারি ২০২২

# বাংলাদেশের বস্ত্র ও তৈরি পোশাক খাতে সবুজায়ন

আয়োজনে

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

সহযোগিতায়

Sweden Sverige

বাংলাদেশের বস্ত্র ও তৈরি পোশাক খাতে প্রায় সাড়ে চার মিলিয়ন কর্মী নিয়োজিত এবং এ খাত থেকে আয় হওয়া বৈদেশিক মুদ্রার পরিমাণ প্রায় ৩৫.৮ বিলিয়ন মার্কিন ডলার (২০২১)। বাংলাদেশের মোট রপ্তানির ৮৪.৪ শতাংশ আসে এই খাত থেকে। জাতীয় অর্থনীতি একদিকে যেমন বিশ্ববাজারের সঙ্গে আরও একীভূত হচ্ছে, তেমনি এর সঙ্গে নানান চ্যালেঞ্জও বয়ে আনছে, যার মধ্যে রয়েছে শ্রমমান সম্পর্কিত আন্তর্জাতিক রীতি মেনে চলার প্রয়োজনীয়তা এবং কর্মপরিবেশের নিরাপত্তার মান নিশ্চিত করা, বিশেষ করে পোশাকশিল্প কারখানায়। সেইসাথে পরিবেশগত সামঞ্জস্যতার বিষয়টিও বড়ধরনের গুরুত্ব পাচ্ছে, যা এই খাতে দূষণ কমাতে এবং দক্ষ সম্পদ ব্যবস্থাপনায় সহায়ক হবে।

বাংলাদেশ যেহেতু ২০২৬ সালে একটি উন্নয়নশীল দেশ হতে যাচ্ছে, সেইসঙ্গে পরিবেশবান্ধব টেকসই অর্থনৈতিক উন্নয়নের অঙ্গীকার নিয়ে কাজ করে যাচ্ছে, সেহেতু একে শিল্প খাতের নানান পর্যায়ে পরিবেশগত কমপ্লায়েন্স বা সামঞ্জস্যতা সুনিশ্চিত করতে হবে। এতে করে বস্ত্র ও তৈরি পোশাক খাতে বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা জোরদার করা সহজ হবে। এর জন্য পরিবেশবান্ধব ও টেকসই উন্নয়নের অঙ্গীকারসমূহ নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ সরকার এবং বস্ত্র ও তৈরি পোশাক খাতের সুস্পষ্ট কর্মপরিকল্পনা থাকা প্রয়োজন, যেমন: সবুজ-পরিচ্ছন্ন জ্বালানি তৈরি, বর্জ্য ব্যবস্থাপনা, ইউরোপীয় ইউনিয়নের "সবুজায়ন চুক্তি" সহ শক্তিশালী জলবায়ু কার্যক্রমসমূহ প্রণয়ন, এবং বৃত্তাকার অর্থনীতি বাস্তবায়ন।

একটি শ্রমঘন ও সম্পদঘন খাত হিসেবে বস্ত্র ও তৈরি পোশাক শিল্প এদেশের পরিবেশ ও জলবায়ু সংশ্লিষ্ট বিভিন্ন লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করতে পারে। সবুজ শিল্পায়নের মাধ্যমে এই খাতকে পরিবেশবান্ধব ও টেকসই করে তোলার পাশাপাশি ক্রেতা ও ব্র্যান্ডদের ক্রমবর্ধমান চাহিদার সাথে তাল মিলিয়ে খাতটিতে সবুজায়ন অর্জন করা সম্ভব হবে।

এই পরিপ্রেক্ষিতে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি), বাংলাদেশে অবস্থিত সুইডিশ দূতাবাসের সহযোগিতায় এদেশে পরিবেশবান্ধব টেকসই ও জলবায়ু-নিরপেক্ষ অর্থনৈতিক উন্নয়নের বিকাশ ঘটানো, সেইসঙ্গে নারী ও যুব সমাজের জন্য উৎপাদনশীল কর্মসংস্থানের সুযোগ তৈরি করার লক্ষ্যে "বাংলাদেশের বস্ত্র ও তৈরি পোশাক খাতে সবুজায়ন" নামে একটি কর্মসূচি হাতে নিয়েছে। সিপিডি কর্মসূচিটির মাধ্যমে সবুজ শিল্পায়নের পথে বাধাগুলি বিশ্লেষণ করবে, বিদ্যমান আর্থিক কৌশলগুলি পর্যালোচনা করবে, সবুজ শিল্পায়নের জন্য উপযুক্ত সর্বোত্তম কর্মপন্থাগুলো চিহ্নিত করবে এবং কীভাবে এই শিল্পে সবুজায়নের মধ্য দিয়ে কারখানা, শ্রমিক, অর্থনীতি ও সমাজকে উপকৃত করার জন্য নতুন কর্মসংস্থান তৈরি করা যায় তা তুলে ধরবে। এ কর্মসূচির অধীনে সিপিডি গবেষণা পরিচালনা করবে, প্রকাশনা করবে এবং সংলাপ অনুষ্ঠানের আয়োজন করবে।

cpd.org.bd cpd.org.bd cpdbd CPDBangladesh

House 40/C, Road 11 (new), Dhanmondi, Dhaka-1209, Bangladesh
Telephone: (+88 02) 48118090, 55001185, Fax: (+88 02) 55001181, E-mail: info@cpd.org.bd